

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক কমিটির ২০২৪-২৫ অর্থবছরের পঞ্চম সভার কার্যবিবরণী

সভাপতিঃ ভূপালী সরকার

প্রশাসক

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর।

স্থানঃ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তার দপ্তর, ঝিকরগাছা, যশোর।

তারিখঃ ১৫/০৪/২০২৫ খ্রিঃ

উপস্থিতির তালিকাঃ সংযুক্ত (পরিশিষ্ট - ক তে)


সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে স্বাগত এবং শুভেচ্ছা জানান। তিনি সদস্য সচিব উপজেলা প্রাণিসম্পদ অফিসার কে সভার কার্যক্রম সম্পর্কে বিস্তারিত উপস্থাপনের অনুরোধ জানান। সদস্য সচিব উপস্থিত সদস্যবৃন্দকে জানান যে, সাম্প্রতিক তীব্র তাপপ্রবাহ ব্যবস্থাপনায় প্রাণিসম্পদ অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক নিয়মিত ঊঠান বৈঠকের মাধ্যমে খামারিদের সচেতন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। উপজেলা পরিষদের বার্ষিক উন্নয়ন তহবিলের বরাদ্দ থেকে উপজেলা প্রাণিসম্পদ দপ্তরের অনুকূলে ৭৮ ভায়াল পল্ল ভ্যাক্সিন (গবাদিপ্রাণির রোগ প্রতিরোধের লক্ষ্যে লাম্পি ফিন ডিজিজ/পল্ল রোগের বিরুদ্ধে ভ্যাক্সিন সরবরাহ প্রকল্প হতে) পাওয়া গিয়েছে। প্রতিটি ইউনিয়নে ক্যাম্পেইন আকারে খামারিদের মাঝে ইতিমধ্যেই বিতরণ শুরু করা হয়েছে। মোট ৭৮০ টি গরু/বাহুর কে এ ভ্যাক্সিন দেয়া সম্ভব হবে। সম্পূর্ণ বিতরণ শেষে মাস্টার রোল জমা দেওয়া হবে। এছাড়াও তিনি জানান যে, তাঁর দপ্তর উপজেলা পরিষদের বাইরে অবস্থিত এবং পৌরসভার অন্তর্ভুক্ত। দপ্তরের মূল বিল্ডিং বহু পুরনো এবং নিচু এলাকা যেখানে ২-৩ দিনের বৃষ্টিতেই জলাবদ্ধতা সৃষ্টি হয়ে যায়। তাছাড়া, অত্র দপ্তরে কোন এনিম্যাল শেড নেই যা সেবা নিতে আসা খামারিদের দুর্ভোগ বাড়িয়ে দেয়। এজন্য তিনি উপজেলা পরিষদ/পৌরসভা/উপজেলার বার্ষিক উন্নয়ন তহবিলের বরাদ্দ থেকে বিভিন্ন সহযোগিতার আবেদন করেন। এসবের মধ্যে উল্লেখযোগ্য হল:- দপ্তরের সেবাপ্রার্থীদের সুষ্ঠু চিকিৎসা ও সেবাদানের জন্য একটি এনিম্যাল শেড নির্মাণ, সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিতকরণে একটি ফিল্টার ও দাপ্তরিক নিরাপত্তা রক্ষার্থে সিসিটিভির ব্যবস্থা। জরুরী ভিত্তিতে উল্লেখিত বিষয়গুলোর ব্যবস্থা করা গেলে প্রাণিসম্পদের সার্বিক উন্নয়ন সম্ভব হবে। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করা হয়।

এরপর সদস্য সচিব কমিটির অপর সম্মানিত সদস্য সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কে তাঁর দপ্তরের আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য বলেন। সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভাকে অবহিত করেন যে, প্রাণিসম্পদ বিভাগের মত সাম্প্রতিক তীব্র তাপপ্রবাহে মৎস্য ব্যবস্থাপনায় অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক নিয়মিত মৎস্য চাষীদের সচেতন ও পরামর্শ প্রদান করা হচ্ছে। তিনি আরো জানান যে, তাঁর দপ্তরেও সুপেয় পানির ব্যবস্থা নিশ্চিতকরণে একটি ফিল্টার অতীব প্রয়োজন। এছাড়া, ঝিকরগাছা উপজেলার বিভিন্ন ইউনিয়নে অনেক মৎস্য চাষী রয়েছেন যারা এখনো নিবন্ধন করেননি যে কারণে সামগ্রিক মৎস্য উৎপাদন প্রশ্নবদ্ধ হচ্ছে, এমনকি তাদেরকে সরকারি কোন তালিকায় অন্তর্ভুক্ত করা যায়না। এ ব্যাপারে করণীয় বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। মৎস্য চাষীদের বিনামূল্যে নিবন্ধন এর জন্য মাইকিং, সচেতনতা সভা, মতবিনিময় সভা/সেমিনার আয়োজন ইত্যাদির মাধ্যমে আগ্রহী করা যেতে পারে, এ ব্যাপারে স্থানীয় ইউনিয়ন পরিষদ কেও কাজে লাগানো যেতে পারে। সভায় উপস্থাপিত সকল বিষয়ে আলোচনা পর্যালোচনা শেষে সকল সদস্য একমত পোষন করেন এবং সভাপতি মহোদয় সদস্য সচিব ও সিনিয়র উপজেলা মৎস্য অফিসার কে আলোচ্য বিষয়াদি সংক্রান্ত প্রকল্প বা আবেদন তাঁর/পৌর প্রশাসক বরাবর জমা দেওয়ার জন্য অনুরোধ করেন।

**সিদ্ধান্তসমূহঃ** (১) উপজেলা প্রাণিসম্পদ অফিসার, ঝিকরগাছা, যশোর উপজেলার উন্নয়ন তহবিল/উপজেলা পরিষদ/পৌরসভা হতে আলোচ্য বিষয়াদি সংক্রান্ত বরাদ্দ পেতে প্রকল্প বা আবেদন জমা দিবেন।

(২) সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ঝিকরগাছা উপজেলার সকল মৎস্য চাষী কে নিবন্ধন এর আওতায় আনয়নে মাইকিং, সচেতনতা সভা, মতবিনিময় সভা/সেমিনার এর আয়োজন করবেন এবং ফিল্টার এর জন্য আবেদন জমা দিবেন।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

  
(ভূপালী সরকার)  
প্রশাসক

উপজেলা পরিষদ, ঝিকরগাছা, যশোর

ও

সভাপতি

উপজেলা পরিষদের মৎস্য ও প্রাণিসম্পদ বিষয়ক স্থায়ী কমিটি।